দৈনিক ইনকিলাব

তারিখ 23 AUG 2013 পৃষ্ঠা ... কলাম ...

# বাংলা ও ইংরেজির নতুন মূল্যায়ন পদ্ধতি বাতিলের দাবি শিক্ষার্থীদের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আবেদনকৃত খাতার সম্পূর্ণ অংশ প্রকাশ্য পুনর্মূল্যায়ন, পুনর্মূল্যায়নের আবেদনের সময় বাড়ানো এবং পূর্ব ঘোষণা ছাড়াই বাংলা ও ইংরেজির নতুন মূল্যায়ন পদ্ধতি বাতিল করার দাবিতে সংবাদ সম্মেলন করেছে ২০১৩ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা। গতকাল (বৃহস্পতিবার) দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ দাবি জানান শিক্ষার্থীরা। এছাড়া দাবি না মানলে কঠোর কর্মসূচি দেয়ার কথাও জানান তারা। আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন আরাফ কাশেমী। তিনি বলেন, ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ নিয়ে নানা ধরনের ধূম্রজাল তৈরি হয়েছে। এই সংকট আরো ঘনীভূত হয়েছে এ বছরের ভয়াবহ ফল বিপর্যয়ের কারণে। এ বিপর্যয়ের বিষয়ে নানা ধরনের বক্তব্য শোনা যাচ্ছে। পরীক্ষার খাতা মূল্যায়নের নানা রকম প্রমাণ আমরা দিয়েছি। শিক্ষা বোর্ড প্রথমে মাত্র ৬০ দিনের মধ্যে ১২ লাখ শিক্ষার্থীর ১ কোটি ৪৪ লাখ পরীক্ষার খাতা মূল্যায়নের ক্ষেত্রে স্বল্পতার কারণ দেখিয়ে অপারগতা প্রকাশ করে এবং বাংলা ও ইংরেজির নতুন মূল্যায়ন পদ্ধতি চালু করে।

তিনি আরো বলেন, পরীক্ষার ফল পুনর্মূল্যায়নের দাবিতে আমরা ৭ জুলাই শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি দিয়েছি। শিক্ষামন্ত্রীর দেয়া আশ্বাস বাস্তবায়ন হচ্ছে না। আমাদের এই আন্দোলনের সঙ্গে সারাদেশের শিক্ষার্থীদের সম্পৃক্ততা ক্রমেই বাড়ছে। সংবাদ সম্মেলনে আগামী ২৫ জুলাই রোববার বিকালে ৪টায় জাতীয় প্রেসক্লাবের সামনে ছাত্র-শিক্ষক-অভিভাবক-বুদ্ধিজীবী ও সচেতন নাগরিকদের উপস্থিতিতে সংহতি সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়। এছাড়াও তিন দফা দাবি না মানা হলে মানববন্ধন, সমাবেশ ও অবরোধের মতো কঠোর কর্মসূচির হুমকি দেন আন্দোলনকারীরা। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন নূর-উজ-জামান, আশিকুর রহমান অনুসহ প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী।